শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

মুজিব শতবর্ষ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশীনাথপুর, পাবনা।

ISO 9001:2015 CERTIFIED

ফোনঃ অফিসঃ ০২৫৮৮৮৮৮১৮৮

E-Mail :gmppbs2@gmail.com Web:www . pbs2.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০৭.২৩.২৩. ১৫৭৭ তারিখঃ ৩১ মে, ২০২৩ খ্রিঃ।
১৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাঃ

বিষয়ঃ **সমিতির তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের স্থায়ী পূর্বযোগ্যতা নবায়নের বিজ্ঞপ্তি।**

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর তালিকাভুক্ত ও লাইন নির্মান কাজে স্থায়ী পূর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে ২০২৩-২০২৪ অর্থ বৎসরে স্বল্প দৈর্ঘ্যের বৈদ্যুতিক লাইন নির্মান/রক্ষনাবেক্ষন/আপগ্রেডেশন(১০০-৪১/৪২) কাজের নিমিত্তে পূর্বযোগ্যাতা নবায়নের জন্য পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী নিমোক্ত শর্ত সাপেক্ষে সমিতির নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

০১। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরখাস্তের মাধ্যমে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) নগদ জমা প্রদান স্বাপেক্ষে পূর্বযোগ্যতা নবায়নের জন্য নির্ধারিত আবেদন ফরম সমিতির সদর দপ্তর ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। তবে উল্লেখ্য যে, কোন ঠিকাদারী প্রতিষ্ঠান ২০২২-২০২৩ অর্থ-বছরে নবায়নের জন্য আবেদন না করে থাকলে উক্ত প্রতিষ্ঠানের জন্য ৪,০০০/- (চার হাজার) টাকা (অফেরতযোগ্য) এবং ২০২১-২০২২ অর্থ-বছরে নবায়নের জন্য আবেদন না করে থাকলে উক্ত প্রতিষ্ঠানের জন্য ৮,০০০/- (আট হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা প্রদান করতে হবে।

০২। আবেদন পত্রের সাথে বৈদ্যুতিক ঠিকাদারী প্রতিষ্ঠানের বৈদ্যতিক লাইন নির্মান কাজের যোগ্যতার প্রমানপত্র, হালনাগাদ সকল লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি, বৈদ্যুতিক ঠিকাদার এ.বি.সি লাইসেন্স এবং এ.বি.সি সুপারভাইজার সার্টিফিকেটের হালনাগাদ সত্যায়িত ফটোকপি (১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) সংযুক্ত করতে হবে।

০৩। পরপর তিন বছর নবায়নের জন্য আবেদন না করলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা/তালিকাভুক্তি বাতিল বলে গন্য হবে।

০৪। প্রতিষ্ঠানে নিয়োজিত বাপবিবোর্ডের প্রশিক্ষন পরিদপ্তর কর্তৃক প্রশিক্ষনপ্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যানদের নাম, অভিজ্ঞতার সনদপত্রে সত্যায়িত ফটোকপি এবং লোকবল ও যন্ত্রপাতির তালিকা জমা প্রদান করতে হবে।

০৫। বৈদ্যুতিক লাইন নির্মান কাজের হালনাগাদ ট্রেড লাইসেন্স , চলতি আয়কর ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ভ্যাট রেজিষ্টেশন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট ও অন্যান্য আনুষঙ্গিক সনদ পত্রের সত্যায়িত ফটোকপি এবং নবায়ন ফি বাবদ টাকা জমা রশিদের মূল কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।

০৬। প্রযোজ্যক্ষেত্রে আবেদন পত্রের সাথে প্রতিষ্ঠানের এফিডেভিট এর সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।

০৭। আবেদন ফরম আগামী ২২-০৬-২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত অত্র সমিতি হতে সংগ্রহ করা যাবে এবং ২২-০৬-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।

০৮। আবেদনকারী প্রতিষ্ঠান বর্তমানে যে সকল পল্লী বিদ্যুৎ সমিতিতে তালিকাভুক্ত আছে তার একটি তালিকা নবায়নের আবেদন পত্রের সহিত পূর্বের অর্থ বছরে উক্ত প্রতিষ্ঠান যে সকল দরপত্রে অংশগ্রহন করেছে(পবিস ওয়ারী) তার তালিকা উল্লেখ/সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনটি নবায়নের জন্য বিবেচিত হবে না।

০৯। পূর্বযোগ্যতা নির্ধারণ/নবায়নের পূর্বে কর্তৃপক্ষ কর্তৃক আবেদনকারীর প্রতিষ্ঠানের প্রয়োজনীয় হালনাগাদ মূল কাগজপত্র , লোকবল এবং টুলস সরজমিনে পরিদর্শন ও পরীক্ষা করা হবে বিধায় আগামী ০৮-০৭-২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার

সময় নবায়ন মূল্যায়ণ কমিটির নিকট দাখিলকৃত সকল দলিলাদির মূল কপি, ব্যবহৃত টুলস এবং লোকবলসহ উপস্থিত থাকতে হবে।

১০। পূর্ব যোগ্যতা স্থায়ীকরন সংক্রান্ত প্রমান পত্র এবং ক্রমিক নং-০৫ এর কাগজপত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করে জমা প্রদান করতে হবে।এ সমস্ত দলিলাদি ছাড়া কোন ক্রমেই পূর্ব যোগ্যতা নবায়ন করা হবে না।

১১। বাপবিবোর্ডের প্রশিক্ষন কোর্সে উত্তীর্ণ ০১ জন সুপারভাইজার ও ০১ জন লাইনম্যানকে নবায়নের সময় উপস্থিত থাকতে হবে।

১২। অত্র পবিসের আওতায় কর্মরত বাপবিবোর্ডের প্রশিক্ষন প্রাপ্ত লোকবল অন্য কোন পবিসে কর্মরত নাই মর্মে অঙ্গিকার নামা নবায়ন ফরমের সাথে সংযুক্ত করতে হবে, অন্যথায় নবায়ন করা যাবে না।

১৩। নির্ধারিত সময়সীমার পর কোন আবেদনপত্র বিক্রয়/গ্রহন করা হবেনা।তাছাড়া অত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন পরিস্থিতির সৃষ্টি হলে সেক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১৪। মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের কৃতকর্মের জন্য পবিস এর ভাবমূর্তি ক্ষুন্ন হলে, প্রশিক্ষনপ্রাপ্ত সুপারভাইজার/লাইনম্যান অন্য কোন পবিসে তালিকাভূক্ত/কর্মরত থাকলে, কাজের গুনগতমান সন্তোষজনক না হলে, প্রয়োজনীয় যন্ত্রপাতি/যানবাহন না থাকলে এবং প্রয়োজনীয় সনদ/দলিলাদি হালনাগাদ না থাকলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভূক্তি বাতিল/স্থগিত হবে।

১৫। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গন্য হবে এবং কোন প্রকার কারন দর্শানো ছাড়াই যে কোন/সকল আবেদন পত্র বাতিল করার ক্ষমতা বা অধিকার সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

৬১.০৫.২০২৫
**( মোঃ মজিবুল হক )**
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।
০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (সকল পবিস)।
০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, পাবনা।
০৪। ডিজিএম (সদরদপ্তর-কারিগরী)/আতাইকুলা/বেড়া/সুজানগর জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৫। এজিএম (প্রশাসন/অর্থ), পাবনা পবিস-২।
০৬। মেসার্স ..................................................।
০৭। নোটিশ বোর্ড, ওয়েব সাইট,পাবনা পবিস-২।
০৮। অফিস কপি/মাষ্টার কপি।

৬১.০৫.২০২৫
**( মোঃ মজিবুল হক )**
জেনারেল ম্যানেজার